

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর ১৬.০০.০০০০.০০৩.১৮.০১০.২২.৫০

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯

১৯ ফেব্রুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: হজযাত্রীদের পাসপোর্ট হজ অফিস, ঢাকায় জমা প্রদান না করা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ২০২৩ সনের হজের হজযাত্রী, হজ এজেন্সি ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকার হজযাত্রীদের ভিসার আবেদন লজমেন্টের ক্ষেত্রে নতুন নিয়ম চালু করেছে। নতুন নিয়ম অনুসারে এ বছর সকল হজযাত্রীকে বায়োমেট্রিক পদ্ধতিতে ভিসার আবেদন করতে হবে। বায়োমেট্রিক পদ্ধতিতে ভিসার আবেদন প্রসেস করার বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। সে লক্ষ্যে হজযাত্রীদের পাসপোর্ট আপাতত হজ অফিস, আশকোনা, ঢাকায় জমা না দিয়ে পাসপোর্ট নিজের নিকট সংরক্ষণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ইতোমধ্যে যারা পাসপোর্ট জমা দিয়েছেন তাদেরকে হজ অফিস, ঢাকা হতে পাসপোর্ট ফেরত নেওয়ার জন্যও অনুরোধ করা হলো। এ বিষয়ে করণীয় সময়ে সময়ে হজযাত্রীসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

২০-২-২০২৩

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন

উপসচিব

ফোন: +৮৮-০২-৫৫১০১১১৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫১২২৮৬

ইমেইল:

hajj_sec1@mora.gov.bd

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে):

১) পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।

২) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।

৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৪) সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫) সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৬) মহাসচিব/সভাপতি, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), হোটেল ভিক্টোরী, নয়াপল্টন, ঢাকা।
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ১২ কারওয়ান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮) স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার, (সকল হজ এজেন্সি)।
- ৯) অফিস কপি।